

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৫২/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ গোলাম হায়দার আলী
পিতা-লুৎফর রহমান, গ্রাম-জামালতা
পোঃ-সিংহরুলী, থানা-চৌগাছা
জেলা-যশোর।

প্রতিপক্ষ : জনাব মোঃ রাশেদুল ইসলাম
উপ-সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ৩০-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ২৪-০৩-২০১৬ ও ৩১-০৩-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ রাশেদুল ইসলাম, উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

২৪-০৩-২০১৬ তারিখের যাচিত তথ্য-

১. জনৈক মোঃ আনিসুর রহমান উপজেলা-চৌগাছা, জেলা-যশোর; মোঃ গোলাম হায়দার আলী, উপজেলা-চৌগাছা, জেলা-যশোর কে প্রতিপক্ষ করে ভূমি সংক্রান্ত একটি আপীল ভূমি মন্ত্রণালয়ে দায়ের করে। পূর্ব নির্ধারিত তারিখে শুনানী অনুষ্ঠিত না হওয়ায় শুনানীর জন্য পুনরায় ১০/১০/৯০ ইং তারিখ ধার্য করা হয়। এক্ষেপে ১০/১০/৯০ ইং তারিখে অনুষ্ঠিত শুনানী সংক্রান্ত যাবতীয় নথি।
২. উপর্যুক্ত শুনানীতে যে রায়/সিদ্ধান্ত হয়েছিলো সেই রায়/সিদ্ধান্তের কপি।

৩১-০৩-২০১৬ তারিখের যাচিত তথ্য-

১. জনৈক মোঃ আনিসুর রহমান উপজেলা-চৌগাছা, জেলা-যশোর; মোঃ গোলাম হায়দার আলী, উপজেলা-চৌগাছা, জেলা-যশোর কে প্রতিপক্ষ করে ভূমি সংক্রান্ত একটি আপীল ভূমি মন্ত্রণালয়ে দায়ের করে। আপীলের শুনানীর জন্য নথি আহবান করা হয় (স্মারক নং ৫০১-আপীল, তারিখ ১৫/০৫/৯০)। আহত নথি না পাওয়াতে পূর্ব নির্ধারিত তারিখে শুনানী অনুষ্ঠিত না হওয়ায় পত্র মারফত (স্মারক নং ভূঃ মঃ শা-৯-৫১/৯০/৯৬৩-আপীল, তারিখ ২২/০৯/৯০) শুনানীর জন্য পুনরায় ১০/১০/৯০ ইং তারিখ ধার্য করা হয় এবং স্মারক নং ভূঃ মঃ শা-৫১/৯০/৯৬৩/১(২)-আপীল, তারিখ ২২/০৯/৯০ দ্বারা শুনানীর সময় নির্ধারণ করা। এক্ষেপে ১০/১০/৯০ ইং তারিখে অনুষ্ঠিত শুনানী সংক্রান্ত যাবতীয় নথি।
২. উপর্যুক্ত শুনানীতে যে রায়/সিদ্ধান্ত হয়েছিলো সেই রায়/সিদ্ধান্তের কপি।
৩. উপর্যুক্ত আপীলের প্রেক্ষিতে অন্য কোন ব্যবস্থা গ্রহণ বা সিদ্ধান্ত হয়ে থাকলে সে সংক্রান্ত তথ্যের কপি এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া সংক্রান্ত তথ্য।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১২-০৫-২০১৬ তারিখে জনাব মেছাবাহ উল আলম, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে রেজিঃ ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৩-০৬-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৮-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

- ৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অধিকতর শুনানীর জন্য ৩০-০৮-২০১৬ তারিখে শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ৩০-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৫। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি অত্র দপ্তরে সংরক্ষিত না থাকায় সরবরাহ করা সম্ভব হয় নি। তবে তিনি অভিযোগকারীকে যশোর জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ করার জন্য পরামর্শ দিয়েছেন যাতে অভিযোগকারী তার কেস নম্বর সহযোগে তার যাচিত তথ্যাদি পেতে পারেন। তিনি আরো বলেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি অনুসন্ধানের ব্যাপারে যাবতীয় সহযোগিতা করার নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, এই অভিযোগে চাহিত তথ্যাদি ১৯৯০ সনের যা তথ্য অধিকার আইন জারীর ১৯ বছর এবং এখন থেকে ২৬ বছর পূর্বেকার তথ্য। এই ধরনের সাধারণ আপীল এত দীর্ঘ সময় সাধারণতঃ সংরক্ষন করা হয় না। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর ২৬ বছরের পুরনো চাহিত তথ্য সংরক্ষিত নেই মর্মে জানিয়েছেন। তথাপি তিনি অভিযোগকারীর চাহিত তথ্যাদি অনুসন্ধানের ব্যাপারে সহযোগিতা করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

উপর্যুক্ত অবস্থায় নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অভিযোগকারীর চাহিত তথ্যাদি অনুসন্ধানের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার নিশ্চয়তা প্রদান করায় এবং অনুসন্ধান চাহিত তথ্যাদি পাওয়া গেলে তা সরবরাহ করার জন্য জনাব মোঃ রাশেদুল ইসলাম, উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কে নির্দেশনা প্রদানপূর্বক অব্যাহতি দেয়া হলো। একইসাথে চাহিত তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে উক্ত বিষয়ে তথ্য কমিশনকে পত্র মারফত অবহিত করার জন্যও নির্দেশনা দেওয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায় হলে উক্ত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার